

দ্রুত পিং করার কৌশল

আমাদের দেশে যারা ব্রডব্যান্ড ইন্টারনেট কানেকশন ব্যবহার করেন, তাদের প্রায়শই পিং প্রোগ্রামটি দ্বারা তাদের ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারের ডি.এন.এস , গেটওয়ে কিংবা প্রক্সি সার্ভারকে পিং করে কানেক্টিভিটি চেক করে দেখতে হয়। কারণটা হচ্ছে আমাদের দেশের উন্নতমানের ব্রডব্যান্ড ইন্টারনেট সেবায় প্রায়ই কানেকশন থাকে না!

যাই হোক, যারা পিসি শাটডাউন করার পূর্বে নিয়মিত হিস্টোরি ক্লিয়ার করে ফেলেন (কেউ কেউ কিছুক্ষণ পর পরই করে থাকেন!), তাদের জন্য বার বার লম্বা পিং রিকোয়েস্টটি টাইপ করা কিছুটা ঝামেলার কাজই বটে। কেমন হয় যদি রান এ গিয়ে শুধু **p** লিখে এন্টার দিলেই অটোমেটিক্যালি আপনার ডি.এন.এস , গেটওয়ে কিংবা প্রক্সি সার্ভারকে পিং করার ব্যবস্থা করা যায়? তাহলে চলুন, কথা না বাড়িয়ে নিজে নিজেই করে দেখা যাক।

নোটপ্যাড ওপেন করে নিচের লাইন দু'টি ঝটপট লিখে ফেলুন।

```
@echo off  
ping 192.168.30.1
```

এবার ফাইলটি আপনার C: ড্রাইভের উইন্ডোজ বা উইনএনটি ফোল্ডারে সেভ করুন **"p.bat"** নাম দিয়ে (এন.টি.এফ.এস ফাইল সিস্টেমের ক্ষেত্রে যথাযথ অথরাইজেশন থাকটা বাঞ্ছনীয়)। এখানে আমি আমার ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারের ডি.এন.এস সার্ভারের এ্যাড্রেস ব্যবহার করেছি, অর্থাৎ **192.168.30.1**। তাই উক্ত এ্যাড্রেসটি মুছে ফেলে তার জায়গায় আপনার ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারের ডি.এন.এস , গেটওয়ে অথবা প্রক্সি এ্যাড্রেস ব্যবহার করুন।

আপনি যদি ইনফিনিট পিঙ্গিং করতে চান, সেক্ষেত্রে আপনাকে ডি.এন.এস , গেটওয়ে অথবা প্রক্সি এ্যাড্রেসটির পরে **-t** অপশনটি লিখতে হবে, যেমন: **ping 192.168.30.1 -t**। এক্ষেত্রে পিঙ্গিং বন্ধ করার জন্য **Ctrl+C** একত্রে চাপুন, তারপর **y** চেপে এন্টার দিন।

এবার (**Win**)+**R** একসাথে চেপে রান ওপেন করুন, তারপর **p** লিখে এন্টার দিন।

** এই মুহূর্তে আপনি সত্যিই ইন্টারনেটের সঙ্গে সংযুক্ত আছেন কিনা তা জানার জন্য আপনার ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারের ডি.এন.এস , গেটওয়ে অথবা প্রক্সি সার্ভারের এ্যাড্রেস পিং করার পরিবর্তে **google.com**, **yahoo.com** বা **msn.com** (অথবা যে কোন ওয়েব সাইট) এর এ্যাড্রেস পিং করুন। **unknown host** ম্যাসেজটি দেখালে বুঝবেন আপনি এই মুহূর্তে ইন্টারনেটের সঙ্গে সংযুক্ত নন। **

-- মোহাম্মদ আহসানুল হক শোভন

ইমেইল: shuvorim@yahoo.com

ওয়েবসাইট: <http://www29.websamba.com/shovon>